

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০৩১.০৪০.১০.০০.৭৬.২০১৪-৩৩

তারিখ: ২০/০৫/২০১৪ খ্রিঃ

বিষয় : আগামী ২০১৪-১৫ অর্থ বছরে বেসরকারী পর্যায়ে সার আমদানি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ১৫/০৫/২০১৪ ইং তারিখ "সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটির" সভায় আগামী ২০১৪-১৫ অর্থ বছরের জন্য রাসায়নিক সারের চাহিদা এবং সংগ্রহ পরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। "সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটির" সিদ্ধান্ত মোতাবেক আগামী ২০১৪-১৫ অর্থ বছরে বেসরকারী পর্যায়ের মাধ্যমে প্রায় ২.২৫ লক্ষ মে. টন টিএসপি, প্রায় ৪.১৪ লক্ষ মে. টন ডিএপি, প্রায় ১.৯৮ লক্ষ মে. টন এমওপি এবং প্রায় ১৩,৫০০ মে. টন এমএপি সার সংগ্রহের ঋনপত্র গ্রহণ করা হবে।

২। আগামী ২০১৪-১৫ অর্থ বছরের জন্য রাসায়নিক সারের সংগ্রহ পরিকল্পনা প্রণীত হওয়ায় নিম্ন-বর্ণিত নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ভর্তুকি কর্মসূচীর আওতায় বেসরকারী পর্যায়ের জন্য নির্ধারিত কোটার সার সংগ্রহের জন্য সার আমদানিকারকগণ ঋনপত্র স্থাপন করতে পারবেন :


ক। সরকারী বিনির্দেশের আওতায় যে দেশ হতেই বেসরকারী পর্যায়ের জন্য নির্ধারিত কোটার সার আমদানির ব্যবস্থা গ্রহণ করা হোক না কেন, স্থাপিত ঋনপত্রে উল্লিখিত মূল্য সমসাময়িক সময়ে প্রকাশিত এফএমবি/ফার্টিকন বুলেটিনে প্রদর্শিত দেশভিত্তিক টনপ্রতি আমদানিমূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। তাছাড়া বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে প্রাপ্ত-ঋনপত্র স্থাপনের সঠিকতা যাচাই করা হবে।

খ। বেসরকারী পর্যায়ের জন্য নির্ধারিত কোটার সার আমদানির উদ্দেশ্যে {"নন-ইউরিয়া সারে ভর্তুকি প্রদানের পদ্ধতির" ১৩ অনুচ্ছেদ মোতাবেক} ঋনপত্র স্থাপনের সাথে-সাথে ঋনপত্রের অনুলিপি সহ কৃষি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। অর্থাৎ কৃষি মন্ত্রণালয়ের পক্ষে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপস্থিতিতে সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা বিভাগ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা বা/এ, ঢাকা এর দপ্তরে (সপ্তম তলা) ঋনপত্রের অনুলিপি গ্রহণ করা হবে। ঋনপত্র স্থাপনের ভিত্তিতে প্রাথমিকভাবে আমদানিযোগ্য সার ভর্তুকির আওতাভুক্ত হবে। তবে আমদানিকৃত সার চূড়ান্তভাবে-ভর্তুকিতে-অন্তর্ভুক্তি/বরাদ্দ প্রদানের ক্ষেত্রে জাহাজ আগমনের তারিখের সাহায্য নেয়া হবে। অর্থাৎ যে জাহাজের সার আগে দেশে আগমন করবে সে জাহাজের সার আগে বরাদ্দ প্রদান করা হবে। নির্ধারিত পরিমাণ সারের ঋনপত্র প্রাপ্তির সাথে-সাথে আর কোন ঋনপত্র স্থাপন না করার বিষয়ে বিএফএ'কে অবহিত করা হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত আর কেউ ভর্তুকির অন্তর্ভুক্তির উদ্দেশ্যে সার আমদানির সংক্রান্ত ঋনপত্র স্থাপন করতে পারবে না।

গ। যে সময়েই ঋনপত্র স্থাপন করা হোক না কেন নির্ধারিত অর্থ বছরে "মূল্য নির্ধারণ ও তদারকি কমিটি" কর্তৃক সুপারিশকৃত সময়ের অতিরিক্ত সময়ের ব্যাংকসুদ প্রদান করা হবে না।

ঘ। বেসরকারী পর্যায়ের জন্য নির্ধারিত কোটার সার আমদানির জন্য আগামী ২২/০৫/২০১৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকার পূর্বে কেউ এ সংক্রান্ত ঋনপত্র স্থাপন করতে পারবেন না।

৩। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনাসমূহ সার আমদানিকারকগণকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শেখ বদিউল আলম)

কৃষি অর্থনীতিবিদ

ফোন: ৯৫৪০৬০৬

চেয়ারম্যান

বাংলাদেশ ফার্টাইলিজার এসোসিয়েশন

আলরাজি কমপ্লেক্স, পুরানা পল্টন, ঢাকা।

অনুলিপি : (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

ঃ চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা, বা/এ, ঢাকা। {দৃঃ আঃ সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা বিভাগ)}

ঃ ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক,-----)

ঃ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ঃ প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)